ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৫৬
আগরতলা,৬ মে,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'কৈলাসহরে বাঁধ নির্মাণে দুর্নীতি, ডেপুটেশন সি.পি.এম.-এর' শিরোনামে ৩১-০৩-২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে জলসম্পদ দপ্তরের কৈলাসহর ডিভিশন থেকে স্পষ্টিকরণ দিয়ে জলসম্পদ ডিভিশন-৬-এর এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার জানিয়েছেন যে, সংশ্লিষ্ট অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ারের কাছ থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী মনু নদীর পাড়ের বাঁধকে মজবুত ও উঁচু করার কাজ হাতে নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরের উপযুক্ত নিরীক্ষণে কাজ এগিয়ে চলেছে। মাটি ফেলার আগে পুরোনো পিচ / ইট সরানো, গাছ কাটা, জঞ্জাল পরিষ্কার ইত্যাদি করা হচ্ছে।

তিনি আরও জানিয়েছেন, প্রথমে মাটি বাঁধের মধ্যভাগে স্তূপীকৃত করে তারপর মাটি চারদিকে ছড়িয়ে দেওয়া হচ্ছে যথাযথভাবে দপ্তরের কর্মীদের নজরদারিতে। তাছাড়া সমস্ত স্লুইস গেইট, পাম্প মটরের মেরামতের জন্য ওয়ার্ক অর্ডার জারি করা হয়েছে এবং কাজও শুরু হয়ে গেছে।

*****